১৮-/৭/২০০১

যুগান্তর

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ... ...৪....

# বই খেলাপি সাবেক এমপি ২৭

মাহমুদ-আল-ফয়সাল

সপ্তম জাতীয় সংসদ ভেঙে দেয়া হয়েছে পাঁচদিন হল। কিন্তু সংসদ লাইব্রেরি থেকে ইস্যু করা বিপুলসংখ্যক বই এখনও ফেরত দেননি বা ফেরত দিতে ভুলে গেছেন অনেক বিদায়ী সংসদ সদস্য। ২৭ জন বই খেলাপি এমপির তথ্য পাওয়া গেছে। সংসদ সচিবালয় সূত্র জানায়, দফায় দফায় চিঠি দিয়েও সংসদের মেয়াদ শেষ হওয়ার আগে তাদের

বই : পৃষ্ঠা : ১৩ কলাম : ৮

## বই : খেলাপি

(৩য় পৃষ্ঠার পর)

কাছ থেকে বই ফেরত পাওয়া যায়নি।

বই খেলাপি এমপিদের তালিকায় আওয়ামী লীগের ১৪ জন এবং বিএনপির ১৩ জন বিদায়ী এমপি রয়েছেন। সূত্র জানায়, এই ২৭ জন বিদায়ী এমপিসহ মোট ৪৫ জন এমপি সংসদ সচিবালয়ের লাইব্রেরি থেকে বই নিয়েছিলেন। তাদের কেউই নির্ধারিত সময়ে বই ফেরত দেননি। তবে সংসদ ভেঙে যাওয়ার পরও কোন কোন বিদায়ী এমপি এসে তাদের নেয়া বই ফেরত দিয়ে গেছেন।

বই খেলাপি আওয়ামী লীগের বিদায়ী এমপিদের তালিকায় রয়েছেন- বিদায়ী প্রধানমন্ত্রীর সংসদ বিষয়ক উপদেষ্টা সুরঞ্জিত সেনগুপ্ত ১৩টি, বিদায়ী আইন, বিচার ও সংসদ বিষয়কমন্ত্রী আবদুল মতিন খসরু ৩৩টি, বিদায়ী স্বাস্থ্য প্রতিমন্ত্রী অধ্যাপক ডা. আমানুল্লাহ ১০টি, বিদায়ী পরিবেশ ও বন প্রতিমন্ত্রী এইচএন আশিকুর রহমান চারটি, বিদায়ী চিফ হুইপ আবুল হাসনাত আবদুল্লাহ একটি, বিদায়ী হুইপ উপাধ্যক্ষ আবদুস শহীদ দুটি, বিদায়ী হুইপ মিজানুর রহমান মানু একটি, বিদায়ী এমপি মীর সাখাওয়াত আলী দারু একটি, ডা. এম এস আকবর দুটি, মাস্টার মজিবুর রহমান একটি, কামাল আহমেদ মজুমদার একটি, মেজর জেনারেল (অব.) কে এম সফিউল্লাহ দুটি, এনামুল হক মোস্তফা শহীদ ও সাবেক ডেপুটি স্পিকার অধ্যাপক আলী আশরাফ ১৩টি বই।

অপরদিকে বিএনপির বই খেলাপি বিদায়ী এমপিদের তালিকায় রয়েছেন- বিদায়ী বিরোধীদলীয় চিফ হুইপ খন্দকার দেলোয়ার হোসেন দুটি, শামসুল ইসলাম তিনটি, অধ্যাপক মোঃ শাহজাহান মিঞা নয়টি, জিয়াউল হক জিয়া একটি, মোহাম্মদ খালেকুজ্জামান একটি, শামসুজ্জামান দুদু তিনটি, ব্যারিস্টার জিয়াউর রহমান খান একটি, সামসুল আলম প্রামানিক ছয়টি, আলমগীর কবির একটি, শাহ মোঃ আবুল হোসাইন তিনটি, শেখ রাজ্জাক আলী দুটি, গিয়াসউদ্দিন কাদের চৌধুরী একটি ও দল থেকে বহিষ্কৃত সালাহউদ্দিন কাদের চৌধুরী চারটি বই।